05 MAR 1992

দৈনিক বাংলা

16

তারিখ 05 FEB 1992
পৃষ্ঠা ... 4 ... কলাম ... 2

# শিক্ষায় ব্যয় ও অগ্রগতি

মাঝে মাঝে শিক্ষকদের আন্দোলনের খবর থাকে সংবাদপত্রে।
সাম্প্রতিককালে বেসরকারী স্কুল ও কলেজের শিক্ষকরা ধর্মঘটে গিয়েছিলেন।
এ ধর্মঘট প্রায় দেড় মাস চলে। শেষ পর্যন্ত শান্তিপূর্ণ আলোচনার মাধ্যমে সে
ধর্মঘটের অবসান হয়। কিছু দিন যাবৎ প্রাথমিক শিক্ষকরাও মিছিল সমাবেশ
করছেন। কিছু কিছু দাবিদাওয়া পেশ করেছেন। লক্ষ্য করা যাচ্ছে যে মুখ্যত
এই দাবিগুলি অর্থনৈতিক সুযোগ-সুবিধাভিত্তিক। স্কুল-কলেজের শিক্ষা
পদ্ধতি এবং শিক্ষার মান নিয়ে তেমন কোন কথাবার্তা হচ্ছে না বা এ নিয়ে
মূল্যায়নের কোন প্রশ্ন কেউ কোন দিন উত্থাপন করেননি।

দেশে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৪৪ হাজার। এই প্রাথমিক
বিদ্যালয়ের শিক্ষকের সংখ্যা প্রায় দুই লাখ। এই শিক্ষকদের জন্য প্রতি বছর
কোটি কোটি টাকা ব্যয় হচ্ছে। কিন্তু এই বিদ্যালয়গুলির শিক্ষার মান এবং
শিক্ষকদের শিক্ষাদানের যোগ্যতা সম্পর্কে কোন মূল্যায়ন কখনো করা হয়নি
বা করা হচ্ছে না। এরপর আছে ৮ হাজার বেসরকারী বিদ্যালয়। এ বিদ্যালয়ের
শিক্ষক সংখ্যা প্রায় ৫০ হাজার। কথা হচ্ছে তাদেরও সরকারীকরণের।
সার্বজনীন শিক্ষা প্রবর্তনের। কিন্তু কোন পক্ষই সালতামামি করার চেষ্টা
করছেন না।

দেশে সরকারী কলেজের সংখ্যা ২২৩। ছাত্রসংখ্যা ৩ লাখ। সরকার এই
কলেজের জন্য বছরে ব্যয় করছেন ৭৫ কোটি টাকা। বেসরকারী কলেজের
সংখ্যা ৬৫১। ছাত্রসংখ্যা সাড়ে ৬ লাখ। এই কলেজের জন্য ব্যয় হচ্ছে ৫১
কোটি টাকা। সরকারী স্কুলের সংখ্যা ৩০৭। ছাত্র সংখ্যা প্রায় ২ লাখ। সরকারী
ব্যয় ৪৩ কোটি টাকা। বেসরকারী স্কুলের সংখ্যা ১০ হাজার ৬শ' ৮৯টি।
ছাত্রসংখ্যা সাড়ে ৩৩ লাখ। সরকারের ব্যয় বরাদ্দ ২শ' ৪ কোটি টাকা। এর
পরে আছে মাদ্রাসা। মাদ্রাসা খাতেও ব্যয় ১শ' কোটি টাকার উপর।

এই হিসাব বাজেটে আছে। শিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা দপ্তরে আছে। এ
হিসাব টাকার হিসাব। এ হিসাবের সাথে শিক্ষার কোন সম্পর্ক নেই। শিক্ষার
অগ্রগতির তেমন কোন খোঁজ-খবর নেই। ফলে শিক্ষার অবস্থা যেমন ছিল
তেমন তো থাকছেই না। প্রকৃতপক্ষে শিক্ষার অবনতি ঘটছে। সে অবনতি
ঠেকানো যাচ্ছে না। আমাদের দেশে শিক্ষিতের হার যেমন ছিল তেমনই আছে
গত এক যুগ ধরে।

কর্তৃপক্ষ এ নিয়ে কিছু ভেবেছেন কিনা জানি না। আমরা মনে করি এ
নিয়ে চিন্তা-ভাবনা করা উচিত। পূর্বের সরকারগুলি টাকার অংকেই সমস্যার
সমাধানের চেষ্টা করেছেন। এই অর্থব্যয়ের ফলাফল মূল্যায়নের কোন প্রচেষ্টাই
হয়নি। আমরা মনে করি বিলম্ব হলেও এদিকে নজর দেওয়া প্রয়োজন। শিক্ষার
মান আদৌ উন্নত না হলে, শিক্ষার বিস্তার না হলে এ ধরনের অর্থ বরাদ্দের
প্রকৃতপক্ষে মূল্য কতটা?